"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০- ২৮৫৬

তারিখঃ ২০ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

# সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৮.১০.২০২০ তারিখের ৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-২০৭২ সংখ্যক স্মারকে জারিকৃত ৩৬ ক্যাটাগরি পদের নিয়োগ বিজ্ঞপ্তিতে বয়সের নিম্নসীমা ২৫.০৩.২০২০ তারিখে ১৮ বছর নির্ধারণ করা হয়। এর ফলে আবেদন গ্রহণ শুরুর তারিখ ৯.১১.২০২০ এ যাদের বয়স ১৮ বছর হয়েছিল তাঁরা আবেদনের সুযোগ পাননি। এক্ষণে, উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির "আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে" অংশের ১নং শর্ত সংশোধনপূর্বক নিম্নরূপভাবে প্রতিস্থাপন করা হলো:

| বিদ্যমান তথ্য | সংশোধিত তথ্য |
|---|---|
| (১) ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। | (১) যে সকল প্রার্থীর বয়স ০৯.১১.২০২০ তারিখে ন্যূনতম ১৮ বছর এবং ২৫.০৩.২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর তাঁরা আবেদনের যোগ্য। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ২৫.০৩.২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩২ বছর, তাঁরাও আবেদনের যোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। |

২। যে সকল প্রার্থী বয়সের নিম্নসীমা নির্ধারণ সংক্রান্ত সমস্যার কারণে আবেদন গ্রহণ শুরুর তারিখ ৯.১১.২০২০ এ বয়স ১৮ বছর পূর্ণ হওয়া স্বত্তেও আবেদন করতে পারেননি, কেবলমাত্র তাঁরা নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে http://dgfp.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদন করতে পারবেন:

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৬.১০.২০২১, সকাল ১০:০০ ঘটিকা।
(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫.১০.২০২১, বিকাল ০৫:০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৩। আবেদন গ্রহণ শুরুর তারিখ ০৯.১১.২০২০ এ যারা আবেদন করার যোগ্য ছিলেন কিন্তু আবেদন করেননি, এরূপ প্রার্থীর ক্ষেত্রে এটি প্রযোজ্য হবে না।

৪। নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ২৮.১০.২০২০ তারিখের ৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-২০৭২ সংখ্যক স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিটি http://dgfp.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৬/১০/২০২১

(মোঃ হেমায়েৎ হুসেন)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন) এবং
সভাপতি
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

C:\Users\User\Desktop\District.doc

"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার, ঢাকা- ১২১৫
www.dgfp.gov.bd

স্মারক নং-৫৯.১১.০০০০.১৫২.১১.০০২.২০-২০৭২

তারিখ ঃ ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ছকে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে :

| ক্রম. | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য। | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ফার্মাসিস্ট<br>গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ২৭৫ (দুইশত পঁচাত্তর) টি | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ফার্মেসিতে ডিপ্লোমা ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ ফার্মেসি কাউন্সিল হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত। | মানিকগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। **তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২. | মেডিকেল টেকনোলজিস্ট(ল্যাব)<br>গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ১৪৮ (একশত আটচল্লিশ) টি | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাব) বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি। | |
| ৩. | মেডিকেল টেকনোলজিস্ট (রেডিও)<br>গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ০২ (দুই) টি | কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (রেডিওগ্রাফি) বিষয়ে ডিপ্লোমা ডিগ্রি। | |
| ৪. | হেলথ এডুকেটর<br>গ্রেড-১১, ১২৫০০-৩০২৩০/- | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বা জীব বিজ্ঞান অনুষদভুক্ত যে কোন বিষয়ে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি ; অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে স্বাস্থ্য শিক্ষায় এমপিএইচ ডিগ্রি। | |
| ৫. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ;<br>(গ) সাঁটলিপি-প্রতিমিনিটে ইংরেজিতে ৮০ শব্দ, বাংলায় ৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতিমিনিটে ইংরেজি ৩০ শব্দ, বাংলায় ২৫ শব্দ ; এবং<br>(ঘ) লিখিত পরীক্ষায় ও সাঁটলিপি এবং মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে। | |
| ৬. | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতিমিনিটে ইংরেজিতে ৩০ শব্দ, বাংলায় ২৫ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হইবে; | |
| ৭. | ফিল্ড ট্রেইনার<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ বিষয়ে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি ; এবং<br>(খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা। | |
| ৮. | প্রধান সহকারী<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্যে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি বা সমমানের সিজিপিএ ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ৯. | হিসাব রক্ষক<br>গ্রেড-১৩, ১১০০০-২৬৫৯০/- | ০৩ (তিন) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে দ্বিতীয় শ্রেণির স্নাতক ডিগ্রি ; এবং<br>(খ) হিসাব ও নিরীক্ষা কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ১০. | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০১ (এক) টি | স্নাতক বা সমমানের ডিগ্রি। | |

| ক্রম | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য। | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১১. | গবেষণা সহকারী<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০২<br>(দুই) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমান ডিগ্রি ; এবং<br>(খ) পরিসংখ্যান, গবেষণা ইত্যাদি কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন। | মানিকগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। **তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ১২. | সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ৪০<br>(চল্লিশ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ;<br>(গ) সাঁটলিপি-প্রতিমিনিটে ইংরেজিতে ৭০ শব্দ, বাংলায় ৪৫ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরের গতি প্রতিমিনিটে ইংরেজিতে ৩০ শব্দ, বাংলায় ২৫ শব্দ ; এবং<br>(ঘ) লিখিত পরীক্ষায় ও সাঁটলিপি এবং মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে। | |
| ১৩. | পরিসংখ্যান সহকারী<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০৫<br>(পাঁচ) টি | পরিসংখ্যান বিষয়সহ স্নাতক ডিগ্রি অথবা স্নাতক বা সমমানের ডিগ্রিসহ পরিসংখ্যান কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৪. | গুদাম রক্ষক<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০৫<br>(পাঁচ) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি। | |
| ১৫. | কোষাধ্যক্ষ<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০৬<br>(ছয়) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক বা সমমান ডিগ্রি। | |
| ১৬. | সহকারী লাইব্রেরিয়ান<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০২<br>(দুই) টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা ডিগ্রি বা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞান বা গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি ; এবং কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ১৭. | ই.পি.আই টেকনিশিয়ান<br>গ্রেড-১৪, ১০২০০-২৪৬৮০/- | ০১<br>(এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে ন্যূনপক্ষে দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমান ডিগ্রি ; এবং<br>(খ) ইপিআই সংক্রান্ত কাজে বাস্তব অভিজ্ঞতা। | |
| ১৮. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ১৫৯<br>(একশত উনষাট) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা ;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতিমিনিটে ইংরেজি ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ ; এবং<br>(ঘ) লিখিত পরীক্ষায় এবং মুদ্রাক্ষর টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবে। | |
| ১৯. | টেলিফোন অপারেটর<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি | উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা। | |
| ২০. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে গতি প্রতিমিনিটে ইংরেজি ২০ শব্দ, বাংলায় ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে ; এবং<br>(গ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারবে। | |
| ২১. | ওয়ার্ড মাস্টার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ২২. | লিনেন কীপার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা। | |
| ২৩. | ইন্সট্রুমেন্ট কেয়ার টেকার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল বা মেকানিক্যাল ট্রেড এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | |

| ক্রম | পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল/২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য। | যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২৪. | টিকেট ক্লার্ক<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০৪<br>(চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনপক্ষে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পাশ ; এবং<br>(খ) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত। | মানিকগঞ্জ, টাঙ্গাইল, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, বাগেরহাট, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। **তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২৫. | স্টেরিলাইজার কাম মেকানিক<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০২<br>(দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান সার্টিফিকেট; এবং<br>(খ) মেকানিক্যাল/ ইলেট্রিকাল বিষয়ে ট্রেডকোর্স থাকতে হবে। | |
| ২৬. | কিচেন সুপারভাইজার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ২৭. | রেকর্ড কিপার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে দ্বিতীয় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমান পাশ ; এবং<br>(খ) কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত। | |
| ২৮. | কার্ডিওগ্রাফার<br>গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/- | ০১<br>(এক) টি | সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সসহ উচ্চ মাধ্যমিক/সমমান পাশ। | |
| ২৯. | গাড়ী চালক<br>গ্রেড-১৫ (ভারী লাইসেন্স) ৯৭০০-২৩৪৯০/-<br>গ্রেড-১৬ (হালকা লাইসেন্স) ৯৩০০-২২৪৯০/- | ৩৪<br>(চৌত্রিশ) টি | (ক) ৮ম শ্রেণি বা সমমান পাশ ;<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্স ; এবং<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | |
| ৩০. | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৮, ৮৮০০-২১৩১০/- | ০১<br>(এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে ইলেকট্রিক্যাল ট্রেড এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। | মুন্সিগঞ্জ, গোপালগঞ্জ, রাঙ্গামাটি, খাগড়াছড়ি, বান্দরবান, জয়পুরহাট, বাগেরহাট, নড়াইল, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, পটুয়াখালী ও বরগুনা জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। **তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ৩১. | অফিস সহায়ক<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ৪০৪<br>(চারশত চার)টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৩২. | এমএলএসএস/নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ৩৭৪<br>(তিনশত চুয়াত্তর)টি | ৮ম শ্রেণি বা সমমান পাশ। | |
| ৩৩. | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ০৯(নয়) টি | ৮ম শ্রেণি বা সমমান পাশ। | |
| ৩৪. | ওয়াচ ম্যান<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ৮ম শ্রেণি বা সমমান পাশ। | |
| ৩৫. | কুক হেলপার<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ৮ম শ্রেণি পাশ তবে, এস,এস,সি/সমমান পাশ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৩৬. | পরিচ্ছন্নতা কর্মী<br>গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | ৬৪<br>(চৌষট্টি) টি | ৮ম শ্রেণি বা সমমান পাশ। | |

**আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :**

(১) ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৩) সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা ২৫/০৩/২০২০ তারিখে ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

(৪) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

(৫) নিয়োগ বিজ্ঞপ্তির ০১ হতে ২৯নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১১২/- (একশত বার) টাকা এবং ৩০ হতে ৩৬নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে;

(৬) প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া নূন্যতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত সকল সনদ/ কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি ০১ সেট দাখিল করতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার' পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদ, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদ, বাংলাদেশ গেজেট, লাল মুক্তি বার্তার সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(চ) পরিচ্ছন্নতা কর্মী পদে হরিজন সম্প্রদায়কে 'জাত হরিজন সনদ' প্রদানের ক্ষেত্রে স্থানীয় সরকার প্রতিষ্ঠান তথা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভার ক্ষেত্রে মেয়র এবং সিটি কর্পোরেশনের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(ছ) গাড়ীচালক পদের প্রার্থীদের ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্সের সত্যায়িত অনুলিপি;

(জ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত অনুলিপি;

(ঝ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy)।

(৭) উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(৮) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করে।

(৯) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবে।

(১০) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১১) এমসিকিউ/লিখিত/ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১২) ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ওয়েবসাইটে (**www.dgfp.gov.bd**) পাওয়া যাবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

(ক) আগ্রহী প্রার্থীগণ **http://dgfp.teletalk.com.bd** ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৯/১১/২০২০, সকাল ১০:০০ টা।

(ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০/১১/২০২০, বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ pixel × প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।

(গ) Online এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘনপূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোন পর্যায়ে বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্তভাবে ০২(দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ২৯নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/- (একশত বার) টাকা {পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা} ৩০ থেকে ৩৬ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা {পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা} অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

টাকা পাঠানো প্রক্রিয়াঃ

১ম SMS: DGFP<Space> User ID লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে ।
উদাহরণ : DGFP ABCDEF
Reply: Applicant's Name, Tk-112/56 will be charged as application fee, Your PIN is 12345678. To Pay fee Type DGFP<Space>Yes<Space>PIN and send to 16222.

২য় SMS: DGFP<Space>Yes<Space>PIN লিখে ১৬২২২ নম্বরে Send করতে হবে ।
উদাহরণ : DGFP YES 12345678
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DGFP Recruitment Application for (xxxxxxxxx) User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

**বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://dgfp.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i) User ID জানা থাকলে DGFP<Space>Help<Space>User<Space> User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ:

| | | | |
|---|---|---|---|
| **DGFP** | **HELP** | **USER** | **ABCDEDF** |

ii) Pin Number জানা থাকলে DGFP<Space>Help<Space>PIN <Space> PIN Number লিখে 16222 নম্বরে Send করতে হবে।

উদাহরণ:

| | | | |
|---|---|---|---|
| **DGFP** | **HELP** | **PIN** | **123456789** |

(ঝ) Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া **vas.query@teletalk.com.bd** ইমেইলে যোগাযোগ করা যাবে। (ইমেইলের Subject এ DGFP, XXXXXXXXXXXXX (পদের নাম), Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

২৮/১২/২০২০

(মোঃ হেমায়েৎ হুসেন)
অতিরিক্ত সচিব ও
পরিচালক (প্রশাসন) এবং
সভাপতি
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি
পরিবার পরিকল্পনা অধিদপ্তর